# তথ্য শিট

ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

ফেব্রুয়ারি 2020

**ফরমার হাইগ্রেড পলিশিং এন্ড প্লেটিং কোং**
**22-07 41st অ্যাভিনিউ**
**লং আইল্যান্ড সিটি, NY 1110**
**সাইট নং. C241148**
**NYSDEC রিজিওন 2**

## ব্রাউনফিল্ড সাইটে পরিবেশগত ক্লিনআপ শুরু হচ্ছে

22-07 41st অ্যাভিনিউ, লং আইল্যান্ড সিটি, NY-এ অবস্থিত ফরমার হাইগ্রেড পলিশিং এন্ড প্লেটিং কোং সাইট ("সাইট")এর দূষণ রোধে নেওয়া পদক্ষেপের কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সাইটের লোকেশন জানতে অনুগ্রহ করে মানচিত্রটি দেখুন। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (NYSDEC) এর তত্বাবধানে ক্লিনআপ কার্যক্রম পরিচালনা করবে স্ট্যালিনগ্রাদ ভেঞ্চারস এলএলসি ("আবেদনকারী")। NYSDEC এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে রেমেডিয়াল ওয়র্ক প্ল্যান (RWP) জনস্বাস্থ্য ও পরিবেশের রক্ষা করবে এবং তাই প্ল্যানটির অনুমোদন দেওয়া হয়েছে।

- DECইনফো লোকেটরের সাহায্যে অনুমোদিত RAWP ও অন্যান্য প্রজেক্ট নথি অনলাইনে পাওয়া যাবে এই ঠিকানায়: https://www.dec.ny.gov/data/DecDocs/C241148/
- নথিগুলো বাম দিকে "কোথায় তথ্য পাওয়া যাবে" অংশে উল্লিখিত স্থানগুলোতেও পাওয়া যাবে।

রেমেডিয়াল কার্যক্রম মার্চ 2020 নাগাদ শুরু হবে এবং এক সপ্তাহ ধরে তা চলবে।

**আসন্ন ক্লিনআপ কার্যক্রমের হাইলাইটস**: সাইটের ক্লিনাপ কার্যক্রমের উদ্দেশ্য হলো জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষা করার জন্য যে ক্লিনআপ লেভেল প্রয়োজন তা অর্জন করা। রেমেডির মূল বিষয়গুলো নিম্নরূপ:

- সাব-স্ল্যাব ডিপ্রেশারাইজেশন সিস্টেমের অব্যাহত অপারেশন, দেখভাল ও মনিটরিং করা হবে যেটি অন-সাইট বিল্ডিংয়ের মাটিতে বাষ্পের অনুপ্রবেশ ঠেকাতে একটি ইন্টেরিম রেমেডিয়াল মেজার (IRM)হিসেবে ইন্সটল করা হয়েছিলো। IRM হলো ধারাবাহিক কিছু পরিকল্পিত কার্যক্রম যা অধিকতর তদন্তের প্রয়োজনীয়তা ছাড়াই জরুরি ও স্বাভাবিক উভয় সময়েই সম্পন্ন করা যায়;
- ভূগর্ভস্থ পানিতে পার এবং পলিফ্লোরিনেটেড অ্যালকাইল সাবস্টান্স (PFAS) ট্রিট করার জন্য অন-সাইট কূয়ায় তরল অ্যাক্টিভেটেড কার্বন প্রয়োগ করা হবে;
- ক্লোরিনেটেড ভোলাটাইল অর্গানিক কম্পাউন্ডস রোধে ইন্টেরিম রেমেডিয়াল মেজার (IRM) হিসেবে নেওয়া পূর্ববর্তী ইন-সিটু ভূগর্ভস্থ পানির ট্রিটমেন্ট ও তরল অ্যাক্টিভেটেড কার্বন ট্রিটমেন্টের কার্যকারিতা নিরূপনের জন্য ট্রিটমেন্ট পরবর্তী ভূগর্ভস্থ পানির মনিটরিং করা হবে;
- কংক্রিট বিল্ডিং স্ল্যাব দিয়ে বানানো সাইট কভার সিস্টেমের দেখভাল করা হবে;
- এনভায়রনমেন্টাল ইজমেন্ট অনুযায়ী রেসিডুয়াল দূষণের দীর্ঘমেয়াদি ব্যবস্থাপনার জন্য সাইট ম্যানেজমেন্ট প্ল্যান প্রণয়ন করা হবে; এবং
- ভবিষ্যতে সাইটে যেকোনো রেসিডুয়াল দূষণ ঠেকানোর লক্ষ্যে ইনস্টিটিউশনাল কন্ট্রোলস সহ এনভায়রনমেন্টাল ইজমেন্ট রেকর্ড করা হবে।

**কোথায় তথ্য পাওয়া যাবে**

*DEC ইনফো লোকেটর ও নিম্নোক্ত স্থানগুলোতে প্রজেক্ট নথি পাওয়া যাবে:*

**কুইন্স লাইব্রেরি, লং আইল্যান্ড সিটি ব্রাঞ্চ**
*37-44 21st* স্ট্রীট
লং আইল্যান্ড সিটি, *NY 11101*
*(718) 752-3700*

**কুইন্স কমিউনিটি বোর্ড *1***
*45-02* ডিটমারস বোলেভার্ড, *LL* স্যুইট *125*
অ্যাস্টোরিয়া, *NY 11105*
*(718) 626-1021*

**কার সাথে যোগাযোগ করতে হবে:**
মন্তব্য ও প্রশ্ন সর্বদা আমন্ত্রিত এবং পাঠাতে হবে নিম্নোক্ত ব্যক্তিদের কাছে:

**প্রজেক্ট সম্পর্কিত প্রশ্ন**
ওয়েন্ডি ঝেং, প্রজেক্ট ম্যানেজার
*NYSDEC*
*47-40 21st* স্ট্রীট
লং আইল্যান্ড সিটি, নিউ ইয়র্ক *11101*
*(718) 482-7541*
*wendi.zheng@dec.ny.gov*

**প্রজেক্ট সংক্রান্ত স্বাস্থ্য বিষয়ক প্রশ্ন**
*জেমস সালিভান*
*NYSDOH*
এম্পায়ার স্টেট প্লাজা কর্নিং টাওয়ার রুম *1787*
অ্যালবেনি, নিউ ইয়র্ক *12237*
*(518) 402-7860*
*beei@health.ny.gov*

**নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম সম্পর্কিত আরও তথ্যের জন্য, ভিজিট করুন:**
*www.dec.ny.gov/chemical/8450.html*

# ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম **(BCP)** এর আওতায় সাইটের বিস্তারিত তদন্তের পর এই প্রস্তাবিত রেমেডি তৈরি করেছে স্ট্যালিনগ্রাদ ভেঞ্চারস এলএলসি (**"আবেদনকারী")**। সাইট তদন্তের ফলাফল **"**রেমেডিয়াল ইনভেস্টিগেশন রিপোর্ট**"** আকারে জমা দেওয়া হয়েছে এবং তার সাথেই রেমেডিয়াল অ্যাকশন ওয়াররক প্ল্যানও দেওয়া হয়েছে আর এসব কিছুই পৃষ্ঠা 1 এ উল্লিখিত স্থানে রিভিউ করার জন্য পাওয়া যাবে।

**পরবর্তী পদক্ষেপ:** আবেনকারী ক্লিনআপ কার্যক্রম সম্পন্ন করার পর একটি ফাইনাল ইঞ্জিনিয়ারিং রিপোর্ট (FER) তৈরি করে তা NYSDEC এর কাছে জমা দেবে। FER এ সম্পন্নকৃত ক্লিনআপ কার্যক্রমের বর্ণনা ও এই প্রত্যয়ন থাকবে যে ক্লিনআপের শর্তাবলী পূরণ করা হয়েছে বা করা হবে।

সাইটের ক্লিনআপের শর্তাবলী পূরণ করা হয়েছে বা করা হবে এই ব্যাপারে যখন NYSDEC সন্তুষ্ট হবে, তখন FER এর অনুমোদন দেওয়া হবে। NYSDEC এরপর আবেদনকারীকে সার্টিফিকেট অফ কমপ্লিশন (COC) প্রদান করবে। COC পাওয়া সাপেক্ষে আবেদনকারী সাইটটিতে পুনরায় উন্নয়ন কাজ করতে পারবে। এছাড়াও, আবেদনকারী:

- কিছু শর্ত সাপেক্ষে সাইটে থাকা বা সেখান থেকে আসা দূষণের ব্যাপারে স্টেটের কাছে দায় থেকে মুক্ত হতে পারে; এবং
- সাইটের ক্লিনআপ কার্যক্রম ও পুনরায় উন্নয়ন কাজের খরচের বিপরীতে ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য হতে পারে।

FER এর কন্টেন্টের বর্ণনা সংবলিত একটি তথ্য শিট NYSDEC প্রকাশ করবে। তথ্য শিটে COC প্রদান করার সাথে সম্পর্কিত সাইটের জন্য প্রয়োজনীয় যেকোনো ইনস্টিটিউশনাল কন্ট্রোলস (যেমন, দলিলের বিধিনিষেধ) বা ইঞ্জিনিয়ারিং কন্ট্রোলস (যেমন, সাইট ক্যাপ) তুলে ধরা হবে।

**সাইটের বর্ণনা:** সাইটটি 0.058-একর জায়গা জুড়ে বিস্তৃত এবং এর দক্ষিণে রয়েছে 41st অ্যাভিনিউয়ের সীমানা ও পশ্চিমে রয়েছে একটি হোটেল সহ কিছু বাণিজ্যিক প্রপার্টি। সাইটটিতে বর্তমানে চার-তলা বিল্ডিং ও পুরো প্রপার্টিকে কভার করার জন্য বেইজমেন্ট নির্মাণ করে উন্নত করা হয়েছে। এর আগে সাইটটিতে একটি মেটাল প্লেটিং ফ্যাসিলিটি ছিলো। অন-সাইট বিল্ডিংটিকে সাম্প্রতিক সময়ে সংস্কার করা হয়েছে যার মাধ্যমে পুরনো কারখানাটিকে প্রফেশনাল অফিস স্পেস হিসেবে গড়ে তোলা হয়েছে।

সাইটের অতিরিক্ত তথ্য, পরিবেশ ও স্বাস্থ্যগত মূল্যায়নের সারাংশ সহ, পাওয়া যাবে NYSDEC এর এনভায়রনমেন্টাল সাইট রেমেডিয়েশন ডেইটাবেইজে (সাইট আইডি, C241148 ব্যবহার করে) এই ঠিকানায়: http://www.dec.ny.gov/cfmx/extapps/derexternal/index.cfm?pageid=3

**তদন্তের সারাংশ:** সাইটে প্রাথমিকভাবে যেসব দূষিত পদার্থ নিয়ে উদ্বেগ রয়েছে সেগুলো হলো ভোলাটাইল অর্গানিক কম্পাউন্ডস (VOCs) যা সাইটের নিচে থাকা মাটিতে ও অন এবং অফ-সাইটের ভূগর্ভস্থ পানিতে বাষ্প আকারে আছে এবং ভূগর্ভস্থ পানিতে থাকা পার এবং পলিফ্লোরিনেটেড অ্যালকাইল সাবস্টান্স (PFAS)। সাইটের নিচে থাকা ভূগর্ভস্থ পানিতেও উচ্চমাত্রায় ধাতুর (ক্যাডমিয়াম ও ক্রোমিয়াম সহ) উপস্থিতি পাওয়া গেছে।

**ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম:** নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (BCP) স্বেচ্ছাসেবামূলক ভাবে "ব্রাউনফিল্ডস" নাম দেওয়া দূষিত প্রপার্টিগুলোর ক্লিনআপের জন্য উৎসাহ দিয়ে থাকে যাতে সেগুলো পুনরায় ব্যবহার ও উন্নত করা যায়। এসব ব্যবহারের মধ্যে থাকতে পারে বিনোদন, আবাসন, ব্যবসা বা অন্য কোনো ব্যবহার। ব্রাউনফিল্ড সাইট হলো যেকোনো সত্যিকারের প্রপার্টি যেখানে প্রপার্টির সম্ভাব্য ব্যবহারের জন্য প্রযোজ্য নীতিমালা অনুযায়ী DEC কর্তৃক মেনে চলা মাটির ক্লিনআপ বা অন্য কোনো স্বাস্থ্য বা পরিবেশগত মানদন্ড, অবস্থা বা নির্দেশনার থেকেও উচ্চমাত্রায় দূষণ রয়েছে।

BCP সম্পর্কে আরও তথ্যের জন্য, ভিজিট করুন: http://www.dec.ny.gov/chemical/8450.html

***এই তথ্য শিটটি আপনার প্রতিবেশি ও ভাড়াটিয়ার সাথে শেয়ার করা এবং/বা এই তথ্য শিটটি অন্যদের দেখার জন্য আপনার বিল্ডিংয়ের উল্লেখযোগ্য কোনো স্থানে পোস্ট করার জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।***

**DEC ডেলিভারস এর মাধ্যমে অবহিত থাকুন**

ইমেইলের মাধ্যমে সাইট আপডেটস পেতে সাইন আপ করুন এই ঠিকানায়:
www.dec.ny.gov/chemical/61092.html

দ্রষ্টব্য: যদি আপনি এরই মধ্যেই সাইন আপ করে ইলেক্ট্রনিকভাবে এই তথ্য শিট পেয়ে থাকেন, তাহলে আপনি এটি এড়িয়ে যেতে পারেন।

**DECইনফো লোকেটর**

DEC নথি ও নির্দিষ্ট সাইটের পরিবেশগত মান সংক্রান্ত পাবলিক তথ্য পাওয়ার ইন্টার‍্যাক্টিভ মানচিত্র রয়েছে এই ঠিকানায়: http://www.dec.ny.gov/pubs/109457.html

# ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

**সাইট লোকেশন**

